২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
০১	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	হাটবাজার ইজারা প্রদান	উপজেলা নির্বাহী অফিসার, অফিস সহকারী, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, প্রসেস সার্ভার	বাংলা সনের শেষ তিন মাস (মাঘ-চৈত্র) হাটবাজার ইজারাপূর্ব কার্যক্রম সম্পন্ন করা হয়। এ উদ্দেশ্যে প্রথমে হাটবাজারের ক্যালেন্ডার তৈরি করে জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয় অনুমোদন হয়ে আসলে বিগত তিন বছরের গড় ইজারা মূল্য হিসাব করে কাঙ্ক্ষিত ইজারা মূল্য নির্ধারণ করা হয় এবং সিডিউল তৈরি করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অতঃপর বহুল প্রচারের জন্য ইউনিয়ন ভূমি অফিস, ইউনিয়ন পরিষদ, উপজেলা পর্যায়ের বিভিন্ন অফিস, ব্যাংক, পোস্ট অফিস, হাটবাজারের দর্শনীয় স্থানে বিজ্ঞপ্তি প্রচার ও বিভিন্ন হাটবাজারে মাইক ও ঢোলসহরতের মাধ্যমে প্রচার করা হয় উপজেলা পরিষদের আওতাধীন হাটবাজারের দরপত্র ডিসি অফিস/ইউএনও অফিস/এসিল্যান্ড অফিস/থানা/সোনালী ব্যাংকের উপজেলা সদরের শাখা হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যায় এবং পূরণকৃত দরপত্র ডিসি অফিস/এসপি অফিস/ইউএনও অফিস/এসিল্যান্ড অফিসে জমা প্রদান করা যায়। আগ্রহী ইজারাগ্রহীতাগণ দরপত্র ফরম যথযথভাবে পূরণ করে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থের ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করে সিলগালাযুক্ত খামে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করেন। প্রাপ্ত দরপত্রসমূহ সংগ্রহ করে দরপত্র মূল্যায়ন কমিটির সভায় পেশ করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান কর্তৃক দরপত্র অনুমোদনের পর সফল দরদাতা ৭ দিনের মধ্যে ইজারামূল্যের অবশিষ্ট অর্থ, নির্ধারিত ভ্যাট ও আয়কর পরিশোধ করে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট থেকে আনুষ্ঠানিকভাবে বাজারের দখল বুঝে নেন।	সময়: ০২ মাস, খরচ: বাজারের ইজারা মূল্য অনুযায়ী সিডিউলের মূল্য ইজারামূল্য ১ লক্ষ পর্যন্ত- ৫০০ টাকা; ইজারামূল্য ১ লক্ষ টাকা হতে ২ লক্ষ টাকা পর্যন্ত- ১০০০ টাকা; ইজারামূল্য ২ লক্ষ টাকার উর্ধ্বে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ১০০০ টাকার সাথে অতিরিক্ত ২০০ টাকা ইজারামূল্যের ২৫% এবং দরপত্রের সাথে জামানত বাবদ ইজারামূল্যের ৫% জমা দিতে হয়। ইজারাপ্রাপ্ত হলে ইজারামূল্যের অবশিষ্ট ৭৫% এবং ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% সহ জমা দিতে হয়।	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২১/৯/২০১১ তারিখে জারিকৃত সরকারি হাটবাজারসমূহের ইজারা, ব্যবস্থাপনা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বণ্টন সম্পর্কিত নীতিমালা'	উপজেলা এবং খ ও গ শ্রেণির পৌরসভার ক্ষেত্রে জেলা প্রশাসক বরাবরে আপিল করা যাবে। ক শ্রেণির পৌরসভা এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার বরাবর আপিল দায়ের করা যাবে।

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
০২	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	এনজিও কার্যক্রমের প্রত্যয়নপত্র প্রদান	উপজেলা নির্বাহী অফিসার/ অফিস সহকারী	আবেদনপ্রাপ্তির পর তা সংশ্লিষ্ট রেজিস্টারে এন্ট্রি দেওয়া হয়। এনজিও কর্তৃক সম্পাদিত কাজের বিষয়ে প্রত্যয়নপত্রের জন্য প্রাপ্ত আবেদন বিষয়ে সরজমিন পরিদর্শন ও যাচাই অন্তে প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তের তারিখ নির্ধারণ করে সরজমিন পরিদর্শন করে তাদের কাজের মান বিষয়ে বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় আবেদনকারী এনজিও'র কাজের মান সন্তোষজনক পাওয়া গেলে চাহিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়।	সময়: ১২-১৬ দিন খরচ: বিনামূল্যে	১. এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক সময়ে সময়ে জারিকৃত পরিপত্র/নির্দেশাবলি	জেলা প্রশাসক
০৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়/ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	ভিজিএফ/ত্রাণ/ মানবিক সাহায্য বিতরণ	উপজেলা নির্বাহী অফিসার/প্রকল্প বাস্তবায়ন অফিসার	অধিদপ্তর হতে জেলা প্রশাসকের মাধ্যমে উপজেলায় বরাদ্দপ্রাপ্তির পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক জনসংখ্যা/আয়তন/ক্ষয়ক্ষতির পরিমাণ/ক্ষতিগ্রস্ত লোকের সংখ্যা/ক্ষতিগ্রস্ত এলাকার আয়তনের ভিত্তিতে ইউনিয়নওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয় ইউপি চেয়ারম্যান কর্তৃক ইউনিয়ন কমিটিতে উপস্থাপন এবং উপকারভোগী/ক্ষতিগ্রস্ত পরিবার/ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করার জন্য ইউপি সদস্যদের মাঝে ওয়ার্ডভিত্তিক দায়িত্ব প্রদান করা হয়। প্রাপ্ত তালিকা ইউনিয়ন কমিটিতে যাচাই-বাছাই অন্তে উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটিতে অনুমোদনের পর অনুমোদিত তালিকা ইউনিয়ন পরিষদে পাঠানো হয়। পাশাপাশি ইউনিয়নভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ করে সংশ্লিষ্ট চেয়ারম্যানের অনুকূলে ডিও প্রদান করা হয়। অতঃপর গুদাম হতে খাদ্যশস্য/ত্রাণসামগ্রী উত্তোলন করে অনুমোদিত তালিকা অনুযায়ী মাস্টাররোলের মাধ্যমে ট্যাগ অফিসারের উপস্থিতিতে ক্ষতিগ্রস্ত/উপকারভোগীদের মাঝে বিতরণ করা হয়।	সময়: ১-৩ সপ্তাহ খরচ: বিনামূল্যে	দুর্যোগ ব্যবস্থাপনার স্থায়ী আদেশ, ১৯৯৭/২০১০ মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা, ২০১২	জেলা প্রশাসক

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবাপেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
০৪	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীদের ঋণ প্রদান ও স্বাবলম্বীকরণ	উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী	প্রতিবছর ৩০ জুন তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরিত প্রকল্পের আলোকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে হতে ইউএনও বরাবর বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দ পেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রাপ্ত আবেদনসমূহ উপজেলা কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে চূড়ান্ত করা হয়। অতঃপর উপকারভোগীদের মাঝে অ্যাকাউন্টের মাধ্যমে উত্তোলনযোগ্য চেক বিতরণ করা হয় এবং নীতিমালা মোতাবেক কিস্তিভিত্তিক ঋণ আদায় করা হয়	সময়: ১৫-৩০ দিন খরচ: বিনামূল্যে	বরাদ্দের সাথে প্রাপ্ত নীতিমালা	জেলা প্রশাসক
০৫	উপজেলা/ শহর সমাজসেবা অফিস	বয়স্ক ভাতা কার্যক্রম	১. উপজেলা/শহর সমাজসেবা অফিসার ২. ফিল্ড সুপারভাইজার ৩. ইউনিয়ন /পৌর সমাজকর্মী ৪. কারিগরি প্রশিক্ষক	যাদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১০,০০০/- এবং পুরুষের ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬৫ বছর ও মহিলার ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ৬২ বছর তারা নির্ধারিত ফরমে উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/ পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তরের মাধ্যমে ভাতা বিতরণ সম্পন্ন হয়। সুবিধাভোগীদের নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	নতুন বরাদ্দপ্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয়	বয়স্ক ভাতা বাস্তবায়ন নীতিমালা, ২০১৩	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ/ অতিরিক্ত জেলা প্রশাসক /উপজেলা নির্বাহী অফিসার ২. উপ-পরিচালক (সংশ্লিষ্ট জেলা) ৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা/ জেলা প্রশাসক ৪. পরিচালক (কার্যক্রম)

২.২ নাগরিক সেবার তথ্য সারণি

ক্রমিক নং	সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবাপ্রাপ্তির প্রয়োজনীয় সময় ও খরচ	সংশ্লিষ্ট আইন/ বিধি/নীতিমালা	নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা
ক	খ	গ	ঘ	ঙ	চ	ছ	জ
০৬	উপজেলা/ শহর সমাজসেবা অফিস	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের ভাতা কার্যক্রম	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা/শহর সমাজসেবা অফিসার ৩. ফিল্ড সুপারভাইজার ৪. ইউনিয়ন/পৌর সমাজকর্মী ৫. কারিগরি প্রশিক্ষক	১৮ বছরের উর্ধ্বে বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা যাদের বার্ষিক গড় আয় সর্বোচ্চ ১২,০০০/- তারা নির্ধারিত ফরমে উপজেলা/ শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমুহ যাচাই-বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয়। অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তর সম্পন্ন করা হয়। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসাব থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	নতুন বরাদ্দপ্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয়	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলাদের ভাতা বাস্তবায়ন নীতিমালা, ২০১৩	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ/ অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার ২. উপ-পরিচালক (সংশ্লিষ্ট জেলা) ৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা/ জেলা প্রশাসক ৪. পরিচালক (কার্যক্রম)
০৭	উপজেলা/ শহর সমাজসেবা অফিস	অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা/শহর সমাজসেবা অফিসার ৩. ফিল্ড সুপারভাইজার ৪. ইউনিয়ন/পৌর সমাজকর্মী ৫. কারিগরি প্রশিক্ষক	জরিপভুক্ত শনাক্তকৃত ও সমাজসেব অধিদফতর কর্তৃক নিবন্ধিত প্রতিবন্ধী ব্যক্তি, যার বার্ষিক গড় আয় সর্বোচ্চ ৩৬,০০০/- এবং বয়স সর্বনিম্ন ০৬ বছর তারা নির্ধারিত ফরমে উপজেলা/শহর সমাজসেবা অফিসার বরাবরে আবেদন করবেন। নীতিমালা অনুসারে ইউনিয়ন কমিটি কর্তৃক আবেদনসমূহ যাচাই- বাছাই করে প্রাথমিক তালিকা প্রস্তুত করে সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা/ পৌরসভা/মহানগর কমিটি প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করে মাননীয় সংসদ সদস্যের সম্মতি/অনুমোদনক্রমে ভাতাভোগীদের নামে উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক ভাতা বই ইস্যু করা হয় অতঃপর ভাতাভোগীকে অবহিত করার পর ভাতাভোগী ১০ টাকার বিনিময়ে নিজ নামে ব্যাংক হিসাব খোলেন। উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট সমাজসেবা অফিসারের যৌথ ব্যাংক হিসাব হতে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে ভাতার টাকা স্থানান্তর সম্পন্ন কর হয়। ভাতাভোগীগণ নিজ ব্যাংক হিসার থেকে ভাতার অর্থ উত্তোলন করেন।	নতুন বরাদ্দপ্রাপ্তির ০৩ মাসের মধ্যে ভাতাভোগী নির্বাচন করা হয়। নিয়মিত ভাতাভোগীর হিসাবে ০৭ দিনের মধ্যে ভাতার অর্থ স্থানান্তর করা হয়। ১০/- টাকা দিয়ে নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হয়	অসচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন নীতিমালা, ২০১৩	১. চেয়ারম্যান উপজেলা পরিষদ/ অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার ২. উপ-পরিচালক (সংশ্লিষ্ট জেলা) ৩. চেয়ারম্যান, পার্বত্য জেলা/ জেলা প্রশাসক ৪. পরিচালক (কার্যক্রম)